

## প্রেস রিলিজ

১৯ মে ২০২৪

# প্রযুক্তির সঠিক ব্যবহারের মাধ্যমে দাপ্তরিক কর্মকাণ্ডকে এগিয়ে নিতে হবে বাউবি উপাচার্য

সময়ের চাহিদার সাথে মিল রেখে বর্তমান জনবল নিয়েই প্রযুক্তির সঠিক ব্যবহারের মাধ্যমে নিজ নিজ দপ্তরের কর্মকাণ্ডকে এগিয়ে নিতে হবে। বাউবির স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের উদ্যোগে গাজীপুরস্থ উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত আঞ্চলিক কেন্দ্রের পরিচালকদের সাথে একাডেমিক, প্রশাসনিক ও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম বিষয়ক সমন্বয় সভায় আজ ১৯ মে ২০২৪ রবিবার সভাপতির বক্তব্যে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এ কথা বলেন। বাউবির স্টেক হোল্ডার, শিক্ষার্থী, সমন্বয়কারী ও টিউটরদের সাথে সম্পর্কের উন্নয়ন, শিক্ষার্থী সেবার মান বৃদ্ধি এবং সকলকে নিয়ে সমন্বিতভাবে সচেতনতার সাথে দায়িত্ব পালনের কথা বলেন। শিক্ষার্থী সেবা সহজীকরণ, শিক্ষার্থীবৃদ্ধি, স্থানীয় সরকার ও প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ রেখে প্রান্তিক জনগোষ্ঠীসহ জনগণের দোরগোড়ায় বাউবির বার্তা ও শিক্ষা ব্যবস্থা তুলে ধরার জন্য আঞ্চলিক কেন্দ্রের পরিচালকদের নির্দেশনা দেন। প্রতিষ্ঠানকে ভালোবেসে সকলকে উদ্ভাবনী ধারণা বৃদ্ধিসহ প্রযুক্তি জ্ঞানে সমৃদ্ধ হওয়ার পরামর্শ দেন। বিভিন্ন শিক্ষা প্রোগ্রামের ভর্তি, রেজিস্ট্রেশনসহ দাপ্তরিক কার্যক্রমের ওপর ডকুমেন্টোরি তৈরি করে বিভিন্ন মাধ্যমে প্রচার এবং সবাইকে নানামুখী কাজের প্রতি দক্ষতা অর্জনসহ টিম ওয়ার্কের মাধ্যমে কাজ করার নির্দেশনা দেন উপাচার্য।



সমন্বয় সভায় বক্তব্য রাখছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

সমন্বয় সভায় আরো বক্তব্য রাখেন বাউবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবরা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক ও বিভাগীয় প্রধানগণ। স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক ড. আনিস রহমানের সঞ্চালনায় সভার শুরুতে বরিশাল আঞ্চলিক কেন্দ্রের পরিচালক ড. মো: আজিজুল হক আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহের বর্তমান কার্যক্রম, চ্যালেঞ্জ এবং সুপারিশমালা উপস্থাপন করেন। পরে দেশ জুড়ে বিস্তৃত ১২ টি আঞ্চলিক কেন্দ্রের পরিচালকগণ নিজ নিজ আঞ্চলিক কেন্দ্র ও আওতাধীন বিভিন্ন উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহের কার্যক্রম সমস্যা, চ্যালেঞ্জ ও সুপারিশসমূহ পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)